অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/7/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের শিক্ষার্থীদের স্কুলে ফেরত যাওয়ার সময়ে স্কুল বাসের নিরাপত্তার উপর আলোকপাত করলেন

নতুন ভিডিও শিশুদের নিরাপদ রাখতে নিয়ম মান্য করার গুরুত্ব মোটরচালকদের মনে করিয়ে দেয়

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি নতুন ভিডিও প্রকাশ করলেন যা স্কুলবর্ষ শুরু হতে যাওয়ার সময় নিউ ইয়র্ক স্টেটের শিশুদের নিরাপদ রাখার গুরুত্বকে তুলে ধরে।নিউ ইয়র্ক শিক্ষার্থী পরিবহন অ্যাসোসিয়েশন (New York Association for Pupil Transportation) অনুযায়ী, প্রতি স্কুল দিবসে আনুমানিক 50,000 মোটরচালক লাল বাতি জ্বালানো থেমে থাকা স্কুল বাসকে অতিক্রম করে।

"একজন মা ও দাদি হিসেবে, নিউ ইয়র্কের শিশুদের নিরাপত্তার থেকে বেশি গুরুত্বপূর্ণ আমার জন্য কিছু না," **গভর্নর হোকল বলেন।** "এটি বাস্তব যে অনেক বেশি মোটরচালক থেমে থাকা স্কুল বাস অতিক্রম করছে, যার ফলে শিশু এবং অন্যান্য চালকদের বিপদগ্রস্ত করছে। নিউ ইয়র্কবাসী হিসেবে, চলুন সামগ্রিকভাবে এই স্কুলবর্ষকে সকলের জন্য নিরাপদ করাকে আমাদের লক্ষ্য করি।"

শিশুদের জন্য স্কুলে যাওয়া আসা করার সবথেকে নিরাপদ উপায় হলো স্কুল বাস। জাতীয় হাইওয়ে ট্র্যাফিক নিরাপত্তা প্রশাসন (National Highway Traffic Safety Administration) অনুযায়ী, গাড়িতে না গিয়ে স্কুল বাসে গেলে শিক্ষার্থীদের নিরাপদে স্কুলে পৌঁছানোর সম্ভাবনা 70 গুণ বেশি হয়। তবে, বাস পর্যন্ত হেঁটে যাওয়ার সময় এবং বাস থেকে শিক্ষার্থী নামানো, উঠানোর সময়, শিশুরা আঘাত পেতে পারে। এর কারণ মূলত হলো থেমে থাকা স্কুল বাসকে অবৈধভাবে অতিক্রম করা মোটরচালকদের ক্রমবর্ধমান সংখ্যা।

নিউ ইয়র্কে বড় লাল বাতি সক্রিয় থাকলে থেমে থাকা স্কুল বাস অতিক্রম করা অবৈধ। ফ্ল্যাশিং আলোর অর্থ হলো শিক্ষার্থীরা বাসে উঠছে বা বাস থেকে নামছে। সামনে থেকে আসা বা পেছন থেকে ওভারটেক করা উভয় ক্ষেত্রে মোটরচালকদের জন্য থেমে থাকা বাস দেখলে থামা আবশ্যিক। যেকোনও সরকারি হাইওয়ে, সড়ক, বা বেসরকারি রাস্তায় দৃশ্যমান সংকেতটি সক্রিয় থাকলে এটি প্রযোজ্য হবে। বিপজ্জনক গাড়ি চালানোর সমাধান করতে এবং বিপজ্জনক চালকদের রাস্তা থেকে অপসারণ করার প্রয়াসের অংশ হিসেবে, মোটরযান বিভাগ (Department

of Motor Vehicles, DMV) এছাড়াও থেমে থাকা স্কুল বাস অতিক্রম করার জন্য চালকদের লঙ্ঘন পয়েন্ট বৃদ্ধি করে DMV প্রবিধান পরিবর্তন করার প্রস্তাবনা দিয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের (New York State Department of Transportation, NYSDOT) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "স্কুল সেশন পুনরায় শুরু হতে যাচ্ছে, তাই সকলের দায়িত্ব হলো প্রতিদিন যাতে শিশুরা নিরাপদে স্কুলে পৌঁছাতে এবং বাড়ি ফিরতে পারে তা নিশ্চিত করা। প্রত্যেক চালকের উচিত সতর্ক থাকা এবং শিশুদের জন্য খেয়াল রাখা, বিশেষ করে স্কুল ভবনের এলাকা ও আশেপাশের স্থানে। এম্পায়ার স্টেটের ভবিষ্যৎ, আমাদের শিশুদের সুরক্ষা দানের জন্য রাস্তার নিয়ম মেনে চলার জন্য আমি সকল নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেট মোটরযান বিভাগের (New York State Department of Motor Vehicles, DMV) কমিশনার এবং গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) প্রধান মার্ক জে.এফ, শ্রোডার বলেন, "আমাদের শিশুরা যাতে প্রতিদিন নিরাপদে স্কুলে পৌঁছাতে পারে তা নিশ্চিত করতে প্রত্যেক চালকের দায়িত্ব রয়েছে। সঠিক কাজ করার জন্য এবং লাল বাতি জ্বালানো থেমে থাকা বাসের দিকে ধাবমান অবস্থায় সম্পূর্ণ থেমে যাওয়ার জন্য আমরা চালকদের উপর নির্ভর করছি। স্কুল বাস আরেকবার রাস্তায় নামতে যাচ্ছে এই ব্যাপারে অবগত হয়ে প্রতিদিনের যাতায়াতে কিছু বাড়তি মিনিট যোগ করে এবং যানবাহনের অভ্যন্তরে ব্যাঘাতের কারণ অপসারণ করা হলো শিক্ষার্থীদের নিরাপদ রাখার কিছু ধাপ যা আমরা গ্রহণ করতে পারি।"

নিউ ইয়র্ক স্টেটের স্টেট সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "স্কুল শেষ ফেরত এসেছে, এবং যদিও স্কুল বাস হলো সবথেকে নিরাপদ পরিবহন মাধ্যমের একটি, দুর্ভাগ্যবশত শিক্ষার্থীরা বাসে উঠা, নামা, এমনকি বাস স্টপ পর্যন্ত হেঁটে যাওয়ার সময়েও বহু বিপদের সম্মুখীন হয়। একটি নিরাপদ ও সফল স্কুলবর্ষ নিশ্চিত করতে সাহায্য করার জন্য, সকল মোটরচালককে আমাদের শিশুদের নিরাপদ রাখতে সাহায্য করার জন্য প্রতিষ্ঠিত ট্র্যাফিক নিরাপত্তা আইন মান্য করা নিশ্চিত করতে আমি উৎসাহিত করছি, এবং শিশুদের যথাযথ নিরাপত্তা প্রক্রিয়া এবং স্কুল বাসের জন্য অপেক্ষা বা এতে যাতায়াত করার সময় মান্য করার পরামর্শ শেখানোর জন্য আমি পিতামাতা ও কেয়ারগিভারদের তাগিদ দিচ্ছি।"

চালকদের জন্য আরো কিছু সহায়ক পরামর্শ:

- স্কুল বাস ঘনঘন থামে, যার মধ্যে সকল রেলরোড ক্রসিং রয়েছে। ধৈর্য ধরুন, গতি ধীর করুন, এবং বাসের জন্য থামতে প্রস্তুত থাকুন।
- হলুদ বাতির অর্থ হলো বাস থামতে যাচ্ছে, তাই গতি ধীর করুন।
- ব্যস্ত স্টপে এবং বাস স্টপে হেঁটে যাওয়া শিশুদের দিকে নজর রাখুন। বাসের জন্য দেরিতে পৌঁছানো শিক্ষার্থীদের ব্যাপারে সতর্ক থাকুন যেহেতু তারা ট্র্যাফিক না দেখে রাস্তায় দৌড় দিতে পারে।
- আপনার ড্রাইভওয়ে বা গ্যারেজ থেকে বের হওয়ার সময় দেখে নিন যে রাস্তায় কোনও শিশু হাঁটছে কিনা, বিশেষ করে সাইডওয়াক ছাড়া রাস্তায়।
- সকালে এবং বিকালে, বিশেষ করে স্কুল ভবনের কাছে, শিশুদের জন্য খেয়াল করুন।

- সতর্ক থাকুন। গাড়ি চালানোর সময় কখনো ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করবেন না এবং সক্রিয়ভাবে রাস্তায় ও আপনার আশেপাশে মনোযোগ প্রদান নিশ্চিত করুন।

বাসে উঠার সময়, স্কুলে যাওয়ার সময়, বা বাড়ি ফিরে বাস থেকে নামার প্রস্তুতি নেওয়ার সময় শিশুদের প্রস্তুত থাকাও গুরুত্বপূর্ণ।

শিশুদের জানানোর জন্য পিতামাতার জন্য কিছু সহায়ক পরামর্শ:

- সময়ের পূর্বে যাওয়া। বাসের আসার সময়ের কমপক্ষে পাঁচ মিনিট পূর্বে বাস স্টপে যাওয়ার লক্ষ্য রাখতে হবে।

- রাস্তা পার হতে হলে ভালোমতন বামে, ডানে, এবং আবার বামে দেখতে হবে। স্কুল যদি সকালে শুরু হয়ে এবং বিকালে শেষ হয় তাহলে স্কুলের আশেপাশের এলাকা অনেক ব্যস্ত ও ভিড়পূর্ণ থাকে।
- স্কুল বাসের জন্য অপেক্ষা করার সময়, যখন বাস আসতে থাকে তখন কার্ব থেকে কমপক্ষে ছয় ফুট দূরত্বে দাঁড়িয়ে নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে এবং সড়ক থেকে দূরে থাকতে হবে।
- বাস থামা, দরজা খোলা এবং বাসে উঠার জন্য চালকের বলা পর্যন্ত অপেক্ষা করতে হবে।
- বাস থেকে নামার সময়, কোনও গাড়ি আসছে না তা নিশ্চিত করার জন্য বাসের পেছনে দেখতে হবে। বাসের দরজা থেকে বের হয়ে অনেক বড় পাঁচটি ধাপ নিতে হবে এবং বিপজ্জনক জোন (বাসের আশেপাশের স্থান যেখানে চালক তোমাকে দেখতে পারবে না) থেকে বের হয়ে আসতে হবে।

সবসময় বাসের ড্রাইভারের নজরে থাকতে হবে এবং কখনো বাসের পেছনে হাঁটা যাবে না। বাসের সামনে দিয়ে পার হতে হলে বাস চালকের সাথে চোখ মেলানো নিশ্চিত করতে হবে এবং পার হওয়ার পূর্বে চালকের সংকেতের অপেক্ষা করতে হবে। স্কুল বাস নিরাপত্তা সম্পর্কে আরো তথ্য দেখতে এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418